58

আজকের কাগজ

তারিখ 07 MAY 1994
পৃষ্ঠা ৪ কলাম ৪

# শিক্ষাঙ্গনে সন্ত্রাস চাই না

প্রতিদিন খবরের কাগজ খুললে আমরা দেখতে পাই বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান
সন্ত্রাসের জন্যে অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা করা হয়েছে। শিক্ষাঙ্গনে
ছাত্ররা আসে জ্ঞান অর্জন করতে কিন্তু তার পরিবর্তে তারা শিক্ষাঙ্গনে করছে
সন্ত্রাসের চর্চা। প্রতিভাবান মেধাবী ছাত্ররা দেশে শিক্ষার সুষ্ঠু পরিবেশ না পেয়ে
বিভিন্ন দেশে পাড়ি জমাচ্ছে। একটা দেশের তরুণ ও যুব সমাজ যদি সন্ত্রাসী
কার্যাবলীতে লিপ্ত থাকে তবে সে দেশ উচ্ছন্নে যেতে বাধ্য। যার কারণে আমরা



শিক্ষাঙ্গনে দেখছি- মারামারি, লুটতরাজ, রগকাটা ও খুনের ন্যায় বেদনাদায়ক
মর্মান্তিক ঘটনা। কর্তৃপক্ষ সন্ত্রাসীদের কাছে বড়ই অসহায়, যার ফলে পরীক্ষা
পিছিয়ে যাচ্ছে। শিক্ষা প্রতিষ্ঠানে ঝুলছে তালা। কিন্তু আর কতদিন এভাবে
চলবে? এর কি কোনো সমাধান নেই? আমরা কি ঐক্যবদ্ধ হয়ে সন্ত্রাস দমন
করতে পারি না?

মোঃ সাজ্জাদ হোসেন (মিরাজ)
বি. কম. ১ম বর্ষ
সরকারি তিতুমীর কলেজ
ঢাকা- ১২১২।